

8। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

- (ক) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের তোমার পাঠ্য অংশ অবলম্বনে রাবণ কর্তৃক সীতাহরণের বর্ণনা দাও।
- (খ) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের চতুর্থ সর্গের নামকরণ সার্থক হয়েছে কি না, বিচার করো।
- (গ) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের চতুর্থ সর্গে ছন্দ ও অলংকার প্রয়োগের ক্ষেত্রে কবির কৃতিত্ব বিচার করো।
- (ঘ) 'হতোম প্যাঁচার নকশা' গ্রন্থের অন্তর্গত 'কলিকাতার বারোইয়ারি পূজা' অংশ অবলম্বনে সমকালীন কলকাতার সমাজ-জীবনের বর্ণনা দাও।
- (ঙ) বঙ্কিমচন্দ্রের 'বিড়াল' রচনা অবলম্বনে বিড়ালের যুক্তিনিষ্ঠ বক্তব্যের সারমর্ম তুলে ধরো।
- (চ) প্রেমকবিতা হিসেবে বিহারীলাল চক্রবর্তীর 'সুরবালা' কবিতার সার্থকতা বিচার করো।
- (ছ) 'উনবিংশ শতকের গীতিকবিতা সঙ্কলন' গ্রন্থের অন্তর্গত তোমার পঠিত কবিতাগুলি অবলম্বনে উনিশ শতকের বাংলা গীতিকবিতার বৈশিষ্ট্য আলোচনা করো।
- (জ) মানকুমারী বসুর 'মৃত্যু-সুহৃৎ' কবিতায় প্রকাশিত মৃত্যুচেতনার স্বরূপ বিশ্লেষণ করো।

\*\*\*

2023

BENGALI

( Honours Core )

Paper : BEN-HC-4026

( আধুনিক বাংলা সাহিত্য : সূচনা পর্ব )

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks  
for the questions

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১০=১০

- (ক) “এ-বঙ্গের অলঙ্কার ! হে পিতঃ;”  
এখানে ‘বঙ্গের অলঙ্কার’ বলতে কাকে নির্দেশ করা হয়েছে?
- (খ) পঞ্চবটী বন কোন্ নদীর তীরে অবস্থিত?
- (গ) “এতেক কহিয়া, সখী, গজির্জলা শূরেন্দ্র!” “শূরেন্দ্র” শব্দের অর্থ কী?
- (ঘ) ‘মনুষ্যফল’ রচনায় সিবিলা সার্বিস সাহেবদের কোন্ ফলের সঙ্গে তুলনা করা হয়েছে?

(ঙ) মার্জার মনে মনে হাসিয়া আমার পানে চাহিয়া  
আবিতেছিল, “কেহ মরে বিল ছেঁচে, কেহ  
খায় \_\_\_\_\_।”

( শূন্যস্থান পূর্ণ করো )

(চ) ‘হুতোম প্যাঁচার নকশা’ গ্রন্থের ‘কলিকাতার চড়ক পার্কিং’  
রচনায় নীলের রাত্রিটি কী বারে পড়েছিল ?

(ছ) বেনে বাবুর কোম্পানির কাগজ ছিল— দশ লক্ষ টাকার/  
কুড়ি লক্ষ টাকার/ত্রিশ লক্ষ টাকার।

( শুদ্ধ উত্তরটি লেখো )

(জ) অক্ষয়কুমার বড়ালের ‘শ্রাবণে’ কোন্ শ্রেণির কবিতা ?

(ঝ) বিজয়চন্দ্রের ‘মধ্যাহ্নে’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের  
অন্তর্গত ?

(ঞ) “স্বাধীনতা-হীনতায় কে \_\_\_\_\_ চায় হে,”

( শূন্যস্থান পূর্ণ করো )

২। নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) “তার কথা! ধিক্ তারে! নারী-কুল-কালী।” বক্তা  
কে? কাকে ‘নারী-কুল-কালী’ বলা হয়েছে?

(খ) রাবণ সীতাকে হরণ করে নিয়ে যাওয়ার সময় সীতা যে  
অলঙ্কারগুলি ছড়াতে ছড়াতে গিয়েছিলেন সেগুলি থেকে  
যে কোনো দুটি অলঙ্কারের নাম লেখো।

(গ) ‘কলিকাতার বারোইয়ারি পূজা’ অংশে জনৈক জেলে কত  
সের ওজনের রুই মাছ কর্মকর্তার কাছে নিয়ে উপস্থিত  
হয়েছিল এবং মাছটির দাম হিসেবে কী চেয়েছিল?

(ঘ) ‘হুতোম প্যাঁচার নকশা’ গ্রন্থের ‘কলিকাতার চড়ক পার্কিং’  
অংশে উল্লিখিত বাবুরা বিকেলে যেসব বাহনে চড়ে  
বেড়াতে যেতেন সেগুলি থেকে যে কোনো দুটি বাহনের  
নাম লেখো।

(ঙ) ‘শ্রাবণে’ কবিতায় উল্লিখিত দুটি পাখির নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) টীকা লেখো : সূপর্ণখা।

(খ) ‘মেঘনাদবধ কাব্য’ গ্রন্থের চতুর্থ সর্গের অনুসরণে পঞ্চবতী  
বনের বর্ণনা দাও।

(গ) “আজকাল সহরের ইংরাজি কেতার বাবুরা দুটি দল  
হয়েছেন।” দল দুটির বিবরণ দাও।

(ঘ) ‘মনুষ্যফল’ রচনায় লেখক স্ত্রীলোকদের নারিকেলের সঙ্গে  
কীভাবে তুলনা করেছেন, লেখো।

(ঙ) “চেয়ে আছি শূন্য পানে,/কোন কাজ হাতে নাই—/কোন  
কাজে নাই বসে মন!/ তন্দ্রা আছে, নিদ্রা নাই;/ দেহ  
আছে মন নাই;/ ধরা যেন অস্ফুট স্বপন!”

উপরে উল্লিখিত উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

(চ) কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের সংক্ষিপ্ত পরিচয় দাও।